



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলগাজী, ফেনী।

স্মারক নং ০৫.২০.৩০৪১.০০২.৫৭.০০২.১৬.২৬৭

তারিখঃ ৩০.০৫.২০২০

বিষয়ঃ খাদ্যবান্ধব কর্মসূচির বিদ্যমান তালিকা যাচাই/বাচাই করে সংশোধিত তালিকা প্রেরণ প্রসংগে।

- সূত্রঃ ১। খাদ্য অধিদপ্তর, সববি বিভাগ, ঢাকার স্মারক নং-১৩.০১.০০০০.০৫১.৫৭.০৩১.১৯.১১৮৮(৭) তারিখঃ ১৮/১১/২০১৯ খ্রিঃ
২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনীর স্মারক নং-১৩.০৩.৩০০০.০০৩.৪৮.০৫০.১৭.১৩৬১(১২) তারিখঃ ১৮/১১/২০১৯ খ্রিঃ
৩। অত্রদপ্তরের স্মারক নং ১৩.০১.৩০৪১.০০২.৫৭.০০২.১৬.২২৩ তারিখঃ ১৯/১২/২০১৯ খ্রিঃ
৪। জানুয়ারি/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণীর স্মারক নং-০৫২০.৩০৪১.০০০.০৬.০৮৩.২০-৭৯তং- ২৩/০১/২০২০ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, খাদ্যবান্ধব কর্মসূচীর আওতায় সরকার ঘোষিত “মুজিব বর্ষ” উপলক্ষে ২০২০ সালে ০৭ মাস ব্যাপী (মার্চ/২০ থেকে মে/২০ ও সেপ্টেম্বর/২০ থেকে ডিসেম্বর/২০ সময়কালে) খাদ্যবান্ধব কর্মসূচি অব্যাহত থাকবে। খাদ্যবান্ধব কর্মসূচির বিদ্যমান ভোক্তা তালিকায়, অস্বচ্ছল ও হতদরিদ্রদের পরিবর্তে আর্থিকভাবে স্বচ্ছল ও ক্ষমতাবান এবং ভূঁয়া ব্যক্তিদের নাম অর্ন্তভুক্ত করা হয়েছে মর্মে বিভিন্ন সময়ে অভিযোগ পাওয়া যাচ্ছে।

এমতাবস্থায়, বিদ্যমান তালিকাটি ইতোপূর্বে নিয়োগকৃত ওয়ার্ড ট্যাগ অফিসারদের সহায়তায় খাদ্য বান্ধব কর্মসূচি নীতিমালা, ২০১৭ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক হালনাগাদ করার জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য তালিকা হতে বাদপড়া উপকারভোগীদের সমসংখ্যক উপকারভোগীর নামের প্রস্তাব (সংযুক্ত ছক মোতাবেক) ইউনিয়ন কমিটির মাধ্যমে এবং সহায়তায় প্রেরণ করতে হবে। তালিকা সংশোধন এবং নতুন অর্ন্তভুক্তিসহ পূর্ণাঙ্গ প্রস্তাব ছক মোতাবেক আগামী ০৩/০৬/২০২০ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে আবশ্যিকভাবে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা দিতে হবে।

বিষয়টি অতীব জরুরি

তালিকা প্রণয়নের ছক

ক্রঃ নং	নাম	পিতা/ স্বামীর নাম	পুরুষ/ মহিলা	পেশা	গ্রাম	ওয়ার্ড	ইউনিয়ন	জাতীয় পরিচয়পত্র নং	ভোক্তার মোবাইল নং	সংযুক্ত ডিলারের নাম	ডিলারের মোবাইল নং
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী।

জনাব..... ট্যাগ অফিসার
ফুলগাজী/মুন্সীরহাট/দরবারপুর/আনন্দপুর/আমজাদহাট/জিএমহাট ইউনিয়ন
ফুলগাজী, ফেনী।

স্মারক নং ০৫.২০.৩০৪১.০০২.৫৭.০০২.১৬.২৬৭(৬)

তারিখঃ ৩০/০৫/২০২০ খ্রিঃ

অনুলিপি (সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন)

- মাননীয় সংসদ সদস্য, ২৬৫ ফেনী -১
- জেলা প্রশাসক, ফেনী।
- জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
- ভাইস চেয়ারম্যান /মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
- চেয়ারম্যান, ফুলগাজী/মুন্সীরহাট/দরবারপুর/আনন্দপুর/আমজাদহাট/জিএমহাট ইউনিয়ন পরিষদ,
- জনাব ওয়ার্ড ট্যাগ অফিসার..... নং ওয়ার্ড..... ইউনিয়ন পরিষদ
ফুলগাজী, ফেনী।
- অফিস কপি।

(মোঃ সাইফুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলগাজী, ফেনী।